প্রথম আলো

তারিখ: 24 AUG 2016 পৃষ্ঠা: ... কলাম: ...

সংসদীয় কমিটিতে তথ্য

# ৬৫ হাজার স্কুলের বিপরীতে আড়াই হাজার কর্মকর্তা

নিজস্ব প্রতিবেদক ●

দেশে ৬৫ হাজার প্রাথমিক বিদ্যালয়ের বিপরীতে আড়াই হাজারের মতো উপজেলা শিক্ষা কর্মকর্তা ও সহকারী শিক্ষা কর্মকর্তার পদ রয়েছে। এ নিয়ে বিস্ময় প্রকাশ করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় কমিটি।

কমিটির বৈঠকে প্রশ্ন তোলা হয়েছে, বর্তমানে ৯৬টি উপজেলায় শিক্ষা কর্মকর্তার পদ শূন্য। বিদ্যমান ২ হাজার ৫৮৯টি উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা দিয়ে কীভাবে ৬৫ হাজার বিদ্যালয়ের তদারকি ও শিক্ষার মান বাড়ানো সম্ভব? একজন সহকারী শিক্ষা কর্মকর্তার পক্ষে কীভাবে সম্ভব প্রতি মাসে গড়ে ২০টির অধিক বিদ্যালয় পরিদর্শন করা?

গতকাল মঙ্গলবার সংসদ ভবনের পরিবর্তে রাজধানীর তেজগাঁওয়ের উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো অফিসে কমিটির এই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকের কার্যপত্র থেকে জানা যায়, ৩৭ হাজার বিদ্যালয় চালানোর জন্য যে জনবল ছিল, তা দিয়ে এখনো চলছে। বর্তমানে বিদ্যালয়ের সংখ্যা ৬৫ হাজার। এই বিবেচনায় ৩ হাজার ২০২ জন উপজেলা শিক্ষা ও সহকারী শিক্ষা কর্মকর্তার প্রয়োজন। কিন্তু বর্তমানে এ জাতীয় পদের সংখ্যা ২ হাজার ৫৮৯টি।

বৈঠক শেষে কমিটির সদস্য মোহাম্মদ ইলিয়াছ বলেন, প্রাথমিক শিক্ষার মান নিশ্চিত করতে নিয়মিত বিদ্যালয় পরিদর্শনের বিকল্প নেই। অথচ পরিদর্শনের জন্য প্রয়োজনীয় জনবল নেই। এই পরিমাণ জনবল দিয়ে শিক্ষার মান নিশ্চিত করা সম্ভব নয়। সে জন্য কমিটি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য মন্ত্রণালয়কে সুপারিশ করেছে।

কমিটির সভাপতি মোতাহার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে কমিটির সদস্য প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান, আ খ ম জাহাঙ্গীর হোসাইন, নজরুল ইসলাম, মোহাম্মদ ইলিয়াছ ও উম্মে রাজিয়া অংশ নেন।